

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
প্রশাসন-২ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

স্মারক নং-প্রশা-২/কনডেমনেশন/বোর্ড-১/২০০১/ ১৮-২)

তারিখঃ ১১-০২-২০১৫ খ্রিঃ


বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন কলেজ অব নার্সিং, মহাখালী, ঢাকা এর বিভিন্ন পুরাতন ভাংগা, অকেজো আসবাবপত্র ও ইলেকট্রনিক যন্ত্রাংশ অকেজো ঘোষণাকরণ কমিটি গঠন।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের গত ০৭-০১-২০১৩ তারিখের ৪৫.১৩৮.০০৭.০০.০০.০২২.২০১২-৩৩ নম্বর স্মারকের অনুবৃত্তিক্রমে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন কলেজ অব নার্সিং, মহাখালী, ঢাকা এর বিভিন্ন পুরাতন ভাংগা, অকেজো আসবাবপত্র ও ইলেকট্রনিক যন্ত্রাংশ অকেজো ঘোষণাকরণের লক্ষ্যে নির্দেশক্রমে নিম্নরূপভাবে কনডেমনেশন কমিটি গঠন করা হলঃ

(১) অধ্যক্ষ, কলেজ অব নার্সিং, মহাখালী, ঢাকা	সভাপতি
(২) রেজিস্টার বাংলাদেশ নার্সিং কাউন্সিল	সদস্য
(৩) নিমিউ এন্ড টিসি এর একজন প্রতিনিধি	সদস্য
(৪) স্থানীয় গণপূর্ত বিভাগের একজন প্রতিনিধি	সদস্য
(৫) সিনিয়র লেকচারার, কলেজ অব নার্সিং, মহাখালী, ঢাকা	সদস্য-সচিব

কার্যপরিধিঃ

- (১) অকেজো ঘোষণাকরণ কমিটির সদস্য-সচিব সভাপতির সহিত আলোচনাপূর্বক কমিটির সভা আহ্বান করবেন;
- (২) সংশ্লিষ্ট দপ্তর ব্যবহারের অনুপযোগী পুরাতন অকেজো আসবাবপত্র ও ইলেকট্রনিক যন্ত্রাংশের তালিকা প্রস্তুত করবে; সংশ্লিষ্ট কমিটির সহায়তায় ব্যবহারের অনুপযোগী আসবাবপত্র ও ইলেকট্রনিক যন্ত্রাংশ যাচাইপূর্বক কনডেম ঘোষণা/নিলামে বিক্রয়ের প্রাক্কলন প্রস্তুত করবেন;
- (৩) কমিটির সুপারিশক্রমে আসবাবপত্র ও ইলেকট্রনিক যন্ত্রাংশ নিলামে বিক্রির ব্যবস্থা গ্রহণ করবেন;
- (৪) উক্ত কনডেমনেশন কমিটির প্রস্তাব পরবর্তী উর্ধ্বতন নিয়ন্ত্রনকারী কর্মকর্তা/অফিস প্রধান কর্তৃক অনুমোদিত হবে।
- (৫) উক্ত কমিটি প্রয়োজনবোধে এক বা একাধিক নতুন সদস্য কো-অপট করতে পারবেন;

  
(মোঃ রেজাউল আলম)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪০৭২১

[sasadmin2@mohfw.gov.bd](mailto:sasadmin2@mohfw.gov.bd)

অধ্যক্ষ  
কলেজ অব নার্সিং  
মহাখালী, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলঃ

- ১। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তাকে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হল)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।